

শ্রেডিং পদ্ধতির সংস্কার সম্পর্কিত জাতীয় সেমিনার

মুখস্থনির্ভর শিক্ষা ব্যবস্থা পরিবর্তনের সুপারিশ

পাবলিক পরীক্ষার ফল মূল্যায়নে শ্রেডিং পদ্ধতির 'সংস্কার' সম্পর্কিত জাতীয় সেমিনারে পাঠ্যক্রম ও পাঠদান পদ্ধতির সংস্কার, ছাত্র-ছাত্রীদের মুখস্থ নিরুৎসাহিতকরণ এবং পাঠদানকারী শিক্ষক দ্বারা প্রতিষ্ঠাননির্ভর পর্যায়ক্রমিক মূল্যায়ন ব্যবস্থা গড়ে তোলার সুপারিশ করা হয়েছে। এছাড়া ছাত্র-ছাত্রীদের অর্জিত জ্ঞানের মূল্যায়ন ব্যবস্থায় মৌলিক পরিবর্তনের অংশ হিসেবে আন্তর্জাতিক মানের সঙ্গে সঙ্গতি রূপে শ্রেডিংয়ে কতিপয় সংস্কার ও শিক্ষক সংগঠনগুলোকে জাতীয় শিক্ষা কর্মসূচিগুলোর বাস্তবায়ন প্রক্রিয়ায় সম্পৃক্ত

করার প্রস্তাব করা হয় যা শিগগিরই শিক্ষা মন্ত্রণালয়ের বিবেচনার জন্য পেশ করা হবে। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে শুক্রবার জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান অধ্যাপক সাইফুল হক এবং প্রবন্ধ উপস্থাপন করেন সুপারিশ : পৃঃ ২ কঃ ৩

সুপারিশ : পরিবর্তনের

(১২ পৃষ্ঠার পর)

মোহাম্মদ আজিজুল ইসলাম। ছাত্র, শিক্ষক ও বিভিন্ন সংবাদপত্রের শিক্ষা বিষয়ক সংবাদ পরিবেশনকারী সাংবাদিকরা আলোচনায় অংশ নেন। সেমিনারে শিক্ষকদের মধ্যে খিলগাঁও মডেল হাইস্কুলের প্রধান শিক্ষক, মোহাম্মদ আজিজুল হক শাহ, সেতুনবাগিচা হাইস্কুলের প্রধান শিক্ষক মোহাম্মদ আবদুল হাই ও ডেঙ্গুগাঁও মহিলা কলেজের অধ্যাপক মোহাম্মদ আসাদুল হক, ছাত্রদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইইআরএম-এর মোহাম্মদ রেজাউল করিম, খোকন দাস এবং সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন মোহাম্মদ শহীদুল ইসলাম, মোহাম্মদ সালাহউদ্দিন ও কাজী রুনা।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক সাইফুল হক শিখন শিক্ষণ পদ্ধতির যুগোপযোগী সংস্কারের ওপর গুরুত্ব আরোপ করেন। সেমিনারের সভাপতি অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ আলোচকদের বক্তব্যের সার সন্ধানিত ১২টি প্রস্তাব পেশ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।